

## ■ সহীহ ইবনু হিব্রান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫২

৫. কিতাবুল ঈমান (كتابُ الإيمانِ)

পরিচ্ছেদঃ ইসলাম শিরকের বিপরীত এই মর্মে হাদীস

ذِكْرُ الْخَبَرِ الدَّالِّ عَلَى أَنَّ الْإِسْلَامَ ضِدُّ الشَّرِكِ

আরবী

أَخْبَرَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ يَقُولُ إِنَّ إِسْمَاعِيلَ بْنَ إِبْرَاهِيمَ بِسْتَ قَالَ: حَدَّثَنَا أَحْمَدُ بْنُ الْمِقْدَامِ الْعَجْلَيُّ  
قَالَ: حَدَّثَنَا مُعْتَمِرٌ بْنُ سُلَيْمَانَ قَالَ: سَمِعْتُ أَبِي يُحَدِّثُ عَنْ قَاتَادَةَ عَنْ عُقْبَةَ بْنِ عَبْدِ  
الْغَافِرِ عَنْ أَبِي سَعِيدِ الْخُدْرِيِّ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (لَيَأْخُذَنَّ رَجُلٌ  
بِيَدِ أَبِيهِ يَوْمَ الْقِيَامَةِ يُرِيدُ أَنْ يُدْخِلَهُ الْجَنَّةَ فَيُنَادِي: إِنَّ الْجَنَّةَ لَا يَدْخُلُهَا مُشْرِكٌ إِنَّ اللَّهَ قَدْ  
حَرَمَ الْجَنَّةَ عَلَى كُلِّ مُشْرِكٍ فَيَقُولُ: أَيُّ رَبِّ أَيُّ رَبِّ أَبِي) قَالَ: فَيَتَحَوَّلُ فِي صُورَةِ قَبِيْحَةِ  
وَرِيحِ مُنْتَنِي فَيَتَرُكُهُ) قَالَ أَبُو سَعِيدٍ: كَانَ أَصْحَابُ مُحَمَّدٍ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَرَوْنَ أَنَّهُ  
إِبْرَاهِيمُ وَلَمْ يَزِدْهُمْ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى ذَلِكَ.

الراوي : أبو سعيد | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات

الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 252 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

২৫২. আবু সাউদ আল খুদরী রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, নিশ্চয় রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “কিয়ামতের দিন এক ব্যক্তি তাঁর বাবার হাত ধরে তাকে জানাতে প্রবেশ করাতে চাইবেন, তখন ঘোষনা করা হবে: “জানাতে কোন মুশরিক ব্যক্তি প্রবেশ করবে না। নিশ্চয়ই আল্লাহ প্রত্যেক মুশরিকের জন্য জানাত হারাম করে দিয়েছেন।” তখন সেই ব্যক্তি বলবেন: “হে আমার প্রভু, হে আমার প্রভু, ইনি তো আমার বাবা!” অতঃপর সে ব্যক্তি (মুশরিক বাবা, যাকে স্তান জানাতে প্রবেশ করাতে চাচ্ছেন) বীভৎস আকৃতি ধারণ করবে এবং তার থেকে দুর্গন্ধি ছড়াবে, ফলে তিনি তাকে ছেড়ে চলে যাবেন।”[1]

আবু সাউদ আল খুদরী রাদিয়াল্লাহু আনহু বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর সাহাবীগণ মনে করতেন যে, সেই ব্যক্তি হলেন ইবরাহিম আলাইহিস সালাম। কিন্তু রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম

তাদেরকে এর চেয়ে বেশি আর কিছু বলেননি।

## ফুটনোট

[1] বাযঘার: ৯৪; হাকিম: ৮/৫৮৭, ৫৮৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাত্তল্লাহ বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাত্তল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ২৫২।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু সাইদ খুদরী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=88551>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন